সমকাল

তারিখ ২7 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

# রাজউক কলেজে 'বইপড়া' কর্মসূচি সম্প্রসারণ



রাজউক উত্তরা মডেল কলেজে বিশ্বসাহিত্য কেন্দ্রের 'বইপড়া' কর্মসূচি সম্প্রসারণ অনুষ্ঠানে অতিথিদের সঙ্গে শিক্ষার্থীরা ■ সমকাল

■ সমকাল প্রতিবেদক

মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান বিকাশের সহায়তায় রাজউক উত্তরা মডেল কলেজে 'বইপড়া' কর্মসূচি সম্প্রসারণ করেছে বিশ্বসাহিত্য কেন্দ্র। প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা সভাপতি ও প্রধান নির্বাহী অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ এবং বিকাশ লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) কামাল কাদীর গতকাল বুধবার কলেজ মিলনায়তনে শিক্ষার্থীদের হাতে বই তুলে দিয়ে এ কর্মসূচির উদ্বোধন করেন।

এ সময় বিকাশের চিফ এক্সটারনাল অ্যান্ড করপোরেট অ্যাফেয়ার্স অফিসার মে. জেনারেল (অব.) শেখ মোহাম্মদ মনিরুল ইসলাম এবং রাজউক উত্তরা মডেল কলেজের ভাইস প্রিন্সিপাল মোহাম্মদ আমিনুর রহমান খান উপস্থিত ছিলেন।

স্কুল ও কলেজ শিক্ষার্থীদের জন্য পরিচালিত বই পড়া কর্মসূচি বাড়াতে সম্প্রতি বিশ্বসাহিত্য কেন্দ্রকে ৩৫ হাজার বই দেয় বিকাশ। এ কর্মসূচির আওতায় রাজউক উত্তরা কলেজে বই পড়া কর্মসূচির সম্প্রসারণ করা হয়েছে।